

সাজ্বনা করিব বলি ধরিল যতনে।
 অতি ধীরে কোলে করি আনিল প্রাঙ্গণে।
 সীতানাথের জননী বলিল তখনে।
 ‘অচেতন পাগল দেখ না তুমি কেনে?
 পাগলেরে হরিনাম করাও শ্রবণ।
 এবার গৌসাই বুঝি ত্যজিল জীবন।
 যার যা উচিত তাহা করহ এখন।
 উচ্চৈঃস্বরে হরিনাম কর সর্বজন।’
 হেনকালে গোস্বামী দিলেন অঙ্গ ঝাঁকি।
 হস্ত-পদ-লোম-কেশ উঠিল চমকি।।
 গোস্বামীর মুখ হ’তে উঠে এক জ্যোতিঃ।
 চিক্মিক ঠিক যেন বিদ্যুতের ভাতি।
 তারকের মুখে বুকে লাগিল সে জ্যোতিঃ।
 আর শূন্যে উঠে মহানন্দ দেহে স্থিতি।।
 গোপাল নামেতে একজন লোক আসি।
 কাষ্ঠ করে হস্ত মনে হ’ল রাশি রাশি।।
 তাহা দেখে সাধনা সে বলিল অভীষ্ট।
 ‘কি কারণে তোমরা করেছ এত কাষ্ঠ।।
 গোস্বামীর অগ্নিকাষ্ঠ করা বড় দায়।
 একার্য্য করিতে মম মনে লাগে ভয়।।
 বেদনায় গোস্বামীর জ্বলে গেছে দেহ।
 একরূপ গোস্বামীর তা’তে হ’লে দাহ।।
 লয়েছে অগ্নির সৈঁক ব্যথায় অস্থির।
 তা’তে আর একদাহ হ’য়েছে শরীর।।
 ঠাকুরের লীলাসঙ্গ হ’ল যে অবধি।
 সে দারুণ আগুনে পুড়েছে নিরবধি।।
 পোড়াদেহ পুনঃ কেন করিবা দহন।
 নবগঙ্গা জলে দেও দেহ বিসর্জন।।
 গঙ্গায় কামনা পূর্ণ গোস্বামীর আশা।
 গঙ্গার শীতল উভয়ের ভালবাসা।।
 মনে বলে এর যদি কর বিপর্য্যয়।
 তোমার বিপদ হ’বে জানিও নিশ্চয়।।

কেহ বলে ‘পরোয়ানা এসেছে থানায়।।
 জলে কদাচার কিছু করা নাহি যায়।
 জলেতে প্রস্রাব কেহ করিবারে নারে।
 মলত্যাগ করিলে চালান দেয় ধরে।।
 দুই-তিনজনের হয়েছে জরিমানা।
 নদীকূলে মরাদাহ করিবারে মানা।।
 জরিমানা তুচ্ছ কথা বড়ই আটক।
 সাক্ষী বিনা হয় তার ছ’মাস ফাটক।।’
 তারক বলেন ‘আমি পড়িয়া এসেছি।
 খেয়াঘাটে বিজ্ঞাপন লেখা দেখিয়াছি।।
 মরা জলে দিলে দুইমাস জেল লেখা।
 জরিমানা ছাড়া পঞ্চায়েত নেয় টাকা।।
 তা’তে নাহি ভয় হয় হ’উক ফাটক।
 এ কার্য্য হইলে মম জীবন সার্থক।।
 খুন কি ডাকাতি, পরদারী, হিংসা, চুরী।
 তা’তে জেল হ’লে কলঙ্কের ভয় করি।।
 গোস্বামীকে জলে দিয়া যাইব ফাটকে।
 স্বর্গসুখ অনুভব করি সে আটকে।।
 দিব যদি এতে দিতে হয় জরিমানা।
 অক্লেশে করিব সহ্য পুলিশী যাতনা।।’
 বলিল সাধনা দেবী ‘ইহা যদি কর।
 প্রভাতে লাগিবে টাকা কি আছে যোগাড়।।
 তারক কহিল যদি না থাকে যোগাড়।।
 ঘর বেচে দিব নয় খাটিব চাকর।।
 নগদ চল্লিশ আছে আর কিবা ভাব।
 যদি আরো কিছু লাগে নৌকা বেচে দিব।।’
 তাহা শুনি সাধনা কহিছে ‘ভাল ভাল।
 শীঘ্র তবে গোস্বামীকে ঘাটে ল’য়ে চল।।’
 তারক করিল কোলে পদ পড়ে ঝুলে।
 সাধনা শ্রীপদ ধরি তুলে নিল কোলে।।
 গোস্বামীকে ঘাটে এনে নৌকা পরে রেখে।
 ঘৃত মেখে সলিতার অগ্নি দিল মুখে।।